



নতুন ধারার সৈমিক

# আমাদের ময়

২৬-০৯-২০২৪, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন। ছবি: সংগৃহীত

উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদযাপন করেছে। গতকাল বুধবার সারাবিশ্বের 'ফার্মাসি কমিউনিটি'র সঙ্গে সঙ্গতি রেখে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে দিবসটি উদযাপন করা হয়। এই বছর দিবসটির প্রতিপাদ্য ছিল 'বিশ্বব্যাপী স্বাস্থ্যখাতে চাহিদা পূরণে ফার্মাসিস্ট'।

দিবস উদযাপনের নামান আয়োজনের মধ্যে ছিল র্যালি, সেমিনার, কুইজ, শপথ গ্রহণ ইত্যাদি। দিনের শুরুতে অনুষ্ঠিত র্যালিতে যোগ দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, অধ্যাপক ড. মোহাম্মদ ফারাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, এবং ফার্মেসি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক মো. আমিরুল ইসলামসহ শিক্ষক এবং শিক্ষার্থীরা। র্যালিতে ফার্মাসিস্টদের শুরুত্তপূর্ণ ভূমিকা তুলে ধরে বিভিন্ন রঙের ব্যানার এবং ফেস্টুন বহন করা হয়।

পরে ফার্মেসি বিভাগের উদ্যোগে একটি সেমিনারের আয়োজন করা হয়। যেখানে মূল বক্তা ছিলেন রেডিয়েস্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের সিনিয়র ডিরেক্টর (গবেষণা ও উন্নয়ন) আবদুস সালাম।

তিনি 'বৈশ্বিক স্বাস্থ্যখাতের প্রয়োজন মেটাতে ফার্মা গবেষণা ও উন্নয়ন' বিষয়ে আলোচনা করেন। সালাম তার বক্তব্যে বাংলাদেশের ফার্মাসিউটিক্যাল গবেষণা ও উন্নয়নকে আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে তুলনা করে বিভিন্ন তথ্য উপাত্ত তুলে ধরেন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আশিক মোসাদ্দিক। তিনি সেমিনারে অংশগ্রহণকারীদের ভবিষ্যতের ফার্মাসিস্ট হিসেবে মানবতার কল্যাণে কাজ করার প্রতিশ্রূতির শপথ বাক্য পাঠ করান।